100

আজকের কাগজ

তারিখ 21 OCT 1995
পৃষ্ঠা ৭ কলাম ৪

# রাজশাহী বোর্ডে ছেলেদের তুলনায় মেয়েদের ফলাফল ভালো

রাজশাহী প্রতিনিধি : রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষায় ছেলেদের তুলনায় মেয়েরা অনেক এগিয়ে। প্রতিটি গ্রুপেই ছেলেদের তুলনায় মেয়েরা ভালো ফল করেছে। এবার এ বোর্ডের সম্মিলিত পাসের হার ৫০ দশমিক ৫৭ ভাগ। এর মধ্যে ছেলেদের পাসের হার শতকরা ৪৯ দশমিক ৪৮ ভাগ। আর মেয়েদের ৫২ দশমিক ৯৬ ভাগ। বিজ্ঞান, কৃষি ও গার্হস্থ্য অর্থনীতি গ্রুপে যেখানে ছেলেদের পাশের হার ৬০ দশমিক ৫৭ সেখানে মেয়েদের পাশের হার হলো ৬২ দশমিক ৯৬ ভাগ। মানবিক। ইসলামিক শিক্ষা ও সংগীত গ্রুপে ছেলেরা পাশ করছে শতকরা মাত্র ৪৬ দশমিক ০৮ জন। এই গ্রুপে মেয়েরা পাস করেছে শতকরা ৫১ দশমিক ৬৭জন। বাণিজ্য গ্রুপে ছেলেদের পাসের হার শতকরা ৪৬ দশমিক ৭০ ভাগ। আর মেয়েদের শতকরা ৫৩ দশমিক ৩৩ ভাগ। সম্মিলিত মেধা তালিকায় অবশ্য মেয়েদের তুলনায় ছেলেদের অবস্থান ভালো।